

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ সেপ্টেম্বর ২০২২ খ্রি.

মুনির নগর ওয়ার্ডে ক্র্যাশ প্রোগ্রামের উদ্বোধনকালে ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম

### ডেঙ্গু দমন করতে হলে সিটি কর্পোরেশনের পাশাপাশি নগরবাসীকে ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতন হতে হবে

মুনির নগর ওয়ার্ডে মশক নিধনে ক্র্যাশ প্রোগ্রামের উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালাম। আজ মঙ্গলবার সকালে ৩৭নং উত্তর মধ্যম হালিশহর মুনির নগর ওয়ার্ডে এই কার্যক্রমের শুভ সূচনাকালে তিনি বলেন, ডেঙ্গু প্রতিরোধে সমন্বিত মশক নিধন পদক্ষেপটিই হচ্ছে পরিবেশগত ব্যবস্থাপনা। আমাদের চারপাশের যেসব স্থানে এডিস মশা জন্ম নেয় সেসব স্থান সম্পর্কে সাধারণ মানুষের মাঝে ধারণা দিতে হবে যাতে এডিস মশা জন্মাতে না পারে এবং নগরবাসী সচেতন হতে হবে। আবহাওয়াগত কারণে নগরীতে এখন মশার উপদ্রব বেড়েছে। এই ক্র্যাশ প্রোগ্রামের মাধ্যমে প্রতিটি ওয়ার্ডের ঝোঁপ-ঝাড় পরিষ্কার করা ও নালা-নর্দমায় জমাটবদ্ধ পানিতে মশার প্রজনন বৃদ্ধি পায় সেখানে ওষুধ ছিটানো হবে। ক্র্যাশ প্রোগ্রাম ছাড়াও চসিকের নিয়মিত কার্যক্রমের মধ্যে প্রতিদিন মশক নিধনে স্প্রে চলমান থাকবে। উত্তর-মধ্যম হালিশহর মুনির নগর ওয়ার্ডের সমন্বিত মশকনিধন কার্যক্রমের উদ্বোধনকালে তিনি একথা বলেন।

এসময় ওয়ার্ড কাউন্সিলর আবদুল মান্নান, নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম চৌধুরীসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, পরিষ্কার ও বদ্ধ পানি এডিস মশার প্রজনন ক্ষেত্র। তাই বাসা বাড়ির আশেপাশে ডাবের খোসা, ফুলের টব, ছাদ বাগান, ফ্রিজের ট্রে, এসির জমা পানি, পরিত্যক্ত টায়ার, প্লাস্টিক বোতল ও পানির ড্রামে যাতে তিন দিনের বেশী সময় পানি জমে না থাকে সে দিকে সকলকে খেয়াল রাখতে হবে। ভারপ্রাপ্ত মেয়র বলেন, ডেঙ্গু একটি ভাইরাসজনিত রোগ। সাধারণত বর্ষার মধ্যে জুলাই থেকে অক্টোবরের মাঝে ডেঙ্গুর প্রকোপ বেড়ে যায়। বর্তমানে কারও জ্বর বা ডেঙ্গুর লক্ষণ দেখা দিলে সাথে সাথে চসিক জেনারেল হাসপাতাল ও আরবান হেলথ সেন্টারে চিকিৎসকের শরণাপন্ন হওয়ার জন্য তিনি পরামর্শ দেন। এবং কার্যকরভাবে ডেঙ্গু দমন করতে হলে সিটি কর্পোরেশনের পাশাপাশি নগরবাসীকে ডেঙ্গু রোগ প্রতিরোধে সচেতন হতে হবে। ইতিমধ্যে চসিক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাইকিং, লিফলেট বিতরণ ও মোবাইলকোর্টের মাধ্যমে ছাদবাগান, নির্মাণধীন ইমারতসহ বিভিন্ন বসতবাড়ীতে অভিযান শুরু করেছে। এই বিষয়ে ভারপ্রাপ্ত মেয়র নগরবাসীর সহযোগিতা কামনা করেন। ভারপ্রাপ্ত মেয়র ক্র্যাশ প্রোগ্রাম উদ্বোধন শেষে জনসচেতনতার লক্ষ্যে র্যালী, স্কুলের ছাত্র-ছাত্রী, দোকান পাটে, বাসাবাড়িতে লিফলেট বিতরণ করেন এবং স্থানীয় আবাসিক এলাকার বিভিন্ন বাড়ি ঘরের ছাদ বাগান পরিদর্শন করেন।

### দুঃস্থ ও স্বাস্থ্য কেন্দ্র (সিএসকে) উদ্যোগে মৃত চসিক সেবকদের জীবন বীমার চেক প্রদান

ঢাকা, চট্টগ্রাম ও খুলনা সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন বিভাগের সেবকদের স্বাস্থ্য সুরক্ষায় ওয়াটারএইড বাংলাদেশের সহযোগিতায় ডিএকসে ওয়াশ ফর আরবান পুওর (চট্টগ্রাম) প্রকল্পের আওতায় ও ওয়াদা ইন্সিওর ও চার্টার্ড লাইফ কাজ করে যাচ্ছে। এই প্রকল্পের আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২২টি ওয়ার্ডে ১৭২৭ জন গ্রাহককে টার্গেট করে কাজ শুরু করা হয় বর্তমানে গ্রাহক সংখ্যা ১৭৩০ জন অন্তর্ভুক্ত হয়। প্রকল্পের মূল লক্ষ্য হলো সেবকদের স্বাস্থ্য সুরক্ষা প্রদান করা এবং তালিকাভুক্ত সেবকদের হেলথ কার্ডের মাধ্যমে নির্ধারিত হাসপাতালে স্বাস্থ্য সেবায় অর্থ ছাড় পাবে। এছাড়াও প্রকল্পের আওতাধীন সেবক মৃত্যুবরণ করলে এককালীন জীবন বীমা বাবদ ৩০ হাজার টাকা পাবেন। এরই আওতায় আজ দুপুরে

টাইগারপাসস্থ সিটি কর্পোরেশন সম্মেলন কক্ষে ভারপ্রাপ্ত মেয়র আফরোজা কালামের উপস্থিতি কর্পোরেশনের তিনজন মৃতুবরণকারী সেবকের পরিবারকে প্রত্যেকে ৩০ হাজার টাকার চেক হস্তান্তর করা হয়।

## চসিক ভ্রাম্যমাণ আদালত মুনির নগর ওয়ার্ডে উচ্ছেদ অভিযান পরিচালিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার দুপুরে নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে নগরীর ৩৭নং মুনিরনগর ওয়ার্ডস্থ হালিশহর আনন্দ বাজার ও সিটি কর্পোরেশন টিজি সড়কে উচ্ছেদ অভিযান পরিচালিত হয়। অভিযানে আনন্দবাজার, টিজি সড়কের ফুটপাথ ও রাস্তার অংশ দখল করে দোকান বর্ধিত করায় এবং মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি করায় প্রায় ৫০টি দোকানের বর্ধিত অংশ, অবৈধ দোকানপাট ও স্থাপনা উচ্ছেদ করা হয় এবং রাস্তা দখল করে দোকানের অংশ বর্ধিত করার দায়ে ৩ দোকানদারের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩